*অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত*
*আলিপুর , দক্ষিণ ২৪ পরগনা*

*উপস্থিত বিচারক মহাশয় – শ্রী অমিত সরকার ( **J.O. CODE – WB01103)***
অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট **(**আলিপুর**)**

## *এম.এক্স:- ১৪১ /২০২১*

*আদেশ দানের তারিখ:- ইংরাজী ২১/০৫/২০২৬*

ক্যানিং থানার সংশ্লিষ্ট Warrent Executing Officer- এবং O.C-র আদালতে উপস্থিতির জন্য মামলার নথিটির তারিখ ধার্য্য আছে ।

দরখাস্তকারিনীর পক্ষে হাজিরা দাখিল করা হয়েছে ।

বক্তব্য শোনা হল ।

নথিভুক্ত দস্তাবেজাদি দেখা হল। বিবেচণা করা হল।

ক্যানিং থানার P.S.I. শুভদীপ দত্ত আদালতে উপস্থিত আছেন ।

ওনার প্রতিবেদন অনুসারে ক্যানিং থানার ও.সি - ক্যানিং রেল স্টেশনে হকার উচ্ছেদ সংক্রান্ত কাজে ব্যস্ত থাকার জন্য আদালতে উপস্থিত হতে সমর্থ্য হননি ।

উল্লিখিত বক্তব্যটিকে বিবেচণা করা হল - এবং তার ব্যক্তিগত উপস্থিতিকে অব্যহতি দেওয়া হল ।

দরখাস্তকারিনীর পক্ষে নিয়োজিত আইনজীবি আদালতে উপস্থিত আছেন । ওনার বক্তব্য হল যে - বর্তমান মামলায় দীর্ঘদিন যাবৎ Warrant pending আছে - এবং পুলিশ কর্তৃপক্ষের তরফ থেকে গ্রেপ্তারী পরোয়ানা জারী করার প্রেক্ষিতে কোনো তৎপরতা দেখান হয়নি ।

**এমতাবস্থায় সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হচ্ছে যে- যদি ইতিমধ্যে আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানাটি (W/A ) জারী না করা হয়ে থাকে তাহলে সেই ক্ষেত্রে মামলার প্রতিপক্ষের বিরূদ্ধে জারী হওয়া গ্রেপ্তারী পরোয়ানাটি**

*<u>এম.এক্স:- ১৪১ /২০২১</u>*

*(২)*

জারী করার জন্য কি কি পদক্ষেপ গ্রহন করা হয়েছে সেই মর্মে একটি Report আদালতে দাখিল করবেন ।

আদালতে উপস্থিত ক্যানিং থানার P.S.I. আদালতকে অবগত করলেন যে- শারিরীক অসুস্থতার জন্য Warrent executing officer আদালতে উপস্থিত হতে পারেননি । যদিও অসুস্থতার স্বপক্ষে কোনো Report আদালতে পেশ করা হয়নি -তৎসত্বেও অসুস্থতার বিষয়টি বিবেচনা করা হল ।

ইংরাজী ১২/০৬/২০২৬ তারিখ গ্রেপ্তারী পরোয়ানা জারীর প্রতিবেদন (E.R of W/A) আদালতে দাখিলের জন্য ধার্য্য করা হল ।

আদালতের আদেশ রূপায়নের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহনের জন্য বর্তমান আদেশের একটি প্রতিলিপি ক্যানিং থানার O.C-কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

বর্তমান আদেশের একটি প্রতিলিপি S.D.P.O ক্যানিং -কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

আদালতের আদেশ অনুসারে লিখিত এবং সংশোধিত

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট
আলিপুর

অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট
আলিপুর